আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শাহিদা বানুর বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক শাহিদা বানুর অবসর গ্রহণ উপলক্ষে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষক-শিক্ষার্থী ও অতিথিদের উপস্থিতিতে আবেগঘন পরিবেশের সৃষ্টি হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ রুহুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক সহিদুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, সাবেক প্রধান শিক্ষক আফরোজা পারভীন ও সহকারী প্রধান শিক্ষক হাফিজুর জামান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, সহকারী শিক্ষক হাবিবুর রহমান।

এসময় বক্তব্য রাখেন, সহকারী শিক্ষক ফারহা হোসেন লিটন, রকিবুল ইসলাম, তুষার আহমেদ, ইব্রাহিম খলিল, রাফিউল ইসলাম, বশির আহমেদ, আবুল হাসান, শাহাজান খাতুন ও নার্গিস চৌধুরীসহ শিক্ষার্থী ও অন্যান্য শিক্ষকবৃন্দ।

বক্তারা তাদের বক্তব্যে বলেন, শাহিদা বানু একজন আদর্শ শিক্ষক হিসেবে দীর্ঘদিন নিষ্ঠা, সততা ও মমতার সঙ্গে শিক্ষার্থীদের আলোকিত করেছেন। তার অবদান বিদ্যালয়ের ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে।

প্রধান অতিথি সহিদুল ইসলাম বলেন, একজন শিক্ষক অবসরে গেলেও তার শিক্ষা ও মূল্যবোধ সমাজে চিরদিন বেঁচে থাকে। শাহিদা বানু সেই উদাহরণ।

সংবর্ধনার একপর্যায়ে অবসরপ্রাপ্ত শিক্ষক শাহিদা বানুকে ফুল ও উপহার দিয়ে সম্মাননা জানানো হয়। পরে বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের উদ্যোগে ফুলের গাড়িতে করে তাকে তার নিজ বাড়িতে

পৌঁছে দেওয়া হয়।

বিদায় মুহূর্তে শাহিদা বানু আবেগাপ্লুত কণ্ঠে বলেন, এই বিদ্যালয় ও সহকর্মীদের ভালোবাসা আজীবন মনে থাকবে। শিক্ষার্থীদের সাফল্যই ছিল আমার সবচেয়ে বড় প্রাপ্তি।

আলমডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিদায় ও নবীন বরণ অনুষ্ঠিত

আলমডাঙ্গা মাধ্যমিক বালিকার বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নতুন ছাত্রীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১১ টার দিকে বিদ্যালয় প্রাঙ্গনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি হওয়া নবাগত শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ এবং পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা দেওয়া হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধ দাস।

প্রধান অতিথির বক্তব্যে, উপজেলা নির্বাহী অফিসার ও বিদ্যালয়ের সভাপতি স্নিগ্ধা দাস বলেন, মনে রেখ শুধু পুথিগত শিক্ষায় শিক্ষিত হলে চলবে না,ভাল মানুষ হতে হবে। ভালো মানুষ হতে পাঠ্য পুস্তক ছাড়াও অন্যান্য বই পড়তে হবে। বিদ্যালয়ের বর্তমান শিক্ষক সহ সকলেই প্রতিষ্টানকে সুষ্ট ভাবে পরিচালনা করছেন। তোমরা জানো ফেব্রুয়ারী মাস ভাষার মাস,এই মাসে আমাদের শপথ নিতে হবে দেশকে এগিয়ে নিতে সকলে একত্রে কাজ করবো এবং মুক্তিযুদ্ধের চেতনা অক্ষুন্ন রাখব।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ম্যানেজিং কমিটির সদস্য সোহেল রানা শাহিন, মেহেদী হাসান, নাসরিন খাতুন।বিদ্যালয়ের ছাত্রী নিশাত, রিয়া ও শিক্ষক আশরাফুল ইসলামের পরিচালনায় বক্তব্য রাখেন শিক্ষক

মিজানুর রহমান, রাম সাহা, সমীর সাহা, অন্নপূর্ণা, শামীমা ইয়াসমিন, কাবেরী সুলতানা ও পারুলা খাতুন।

কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মতবিনিময় সভায় জেলা প্রশাসক

কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মতবিনিময় সভায় নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার সময় দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যাবহার রোধ, ধর্মীয় উগ্রবাদ ও জঙ্গীবাদ মোকাবিলা নারী শিশুর প্রতি সহিংসতা বাল্য বিবাহ ইভটিজিং নিপীড়ন, বৈষম্যমূলক আচরন ও আত্মহত্যা প্রতিরোধে শিক্ষার মান উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভায় অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো মনিরুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

বিশেষ অতিথি সহকারী ও সিনিয়র এক্সিকিউটিভ ম্যাজিস্টেট শহীদুল আলম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি),সজল কুমার দাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুল করিম বিশ্বাস, সহকারী শিক্ষিকা আকলিমা খাতুন, সহকারী শিক্ষক মো শরিফুল ইসলাম সহ বিদ্যালয়ের সকল শিক্ষক শিক্ষিকা ও শিক্ষার্থীরা। এসময় আগত অতিথিদের ক্রেস্ট প্রদান করা হয়।

পরবর্তীতে প্রধান অতিথি সহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের হলরুমে মতবিনিময় সভায় উপস্থিত হন। ইউনিয়ন পরিষদের হলরুমে চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার নবাগত জেলা প্রশাসক ড কিসিঞ্জার চাকমা, সহকারী ও সিনিয়র এক্সিকিউটিভ ম্যাজিস্টেট শহীদুল আলম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার

(ভূমি) সজল কুমার দাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজীর আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, মোখলেছুর রহমান রিপন, কার্পাসডাঙ্গা ইসলামিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসার অধ্যক্ষ জুলফিকার আলী সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্য ও কর্মরত এবং সাংবাদিক বৃন্দরা।এরপর কার্পাসডাঙ্গায় অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলামের স্মৃতি বিজরিত আটচালা ঘর ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেন। সর্বশেষ কার্পাসডাঙ্গা আবাসন প্রকল্পের বাসিন্দাদের মুজিব শতবর্ষের ঘর পরিদর্শন করেন। সার্বিক অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক তরিকুল ইসলাম।

দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিদায় বরণ

দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক খেলাধুলা, সাংস্কৃতিক, বিদায় ও পুরস্কার বিতরনী অনুষ্ঠান অনুষ্টিত হয়েছে।

গতকাল বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে দর্শনা পৌর সভার নবনির্বাচিত মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু এ অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন।

বিকালে দর্শনা মাধ্যামিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম হুমায়ুন কবিরের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতা পুরস্কার বিতরনী অনুষ্ঠানে বলেন, সরকার স্মার্ট বাংলাদেশের প্রধান কারিগরি হবে নাগরিক। তাই তোমাদেরকে সামাজিক ও মানবিক মুলোবোধ সম্পন্ন মানুষ হতে হবে।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কুরআন তেলয়াত করেন আন্ত্রে বুসরা, বিদায়ী মেয়েদের উদেশ্যে মানপত্র পাঠ করেন লিজা।

এসময় উপস্থিত ছিলেন স্কুলের পরিচালনা পরিষদের সম্মানিত সাধারণ সদস্যরা, স্কুলের সকল শিক্ষক ও ছাত্রীবৃন্দ।